

PRINT

## সমকাল

# কটিয়াদীতে ৮০ বছর পরও সরকারি স্কুলের নিজস্ব ভূমি নেই

১১ ঘন্টা আগে

### কটিয়াদী (কিশোরগঞ্জ) প্রতিনিধি

কটিয়াদী উপজেলার করগাঁও ইউনিয়নের পারদিয়াকুল সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার ৮০ বছর পরও এ শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ভূমি নেই। ফলে নতুন ভবন নির্মাণে জাটিলতা সৃষ্টি হচ্ছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, ১৯৩৭ সালে পারদিয়াকুল গ্রামে একটি খালের পাড়ে ২ শতক ভূমির ওপর টিনশেড ঘর নির্মাণ করে বিদ্যালয়ের কাজ শুরু হয়; কিন্তু জমিদাতা বিদ্যালয়কে ভূমি রেজিস্ট্রি করে দেননি।

এদিকে শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এ বিদ্যালয়ের একটি হিতল ভবন নির্মাণের জন্য ৬৪ লাখ টাকা বরাদ্দ দিয়েছে। বিদ্যালয়ের নিজস্ব ভূমি না থাকায় ভবন নির্মাণ সম্ভব হচ্ছে না। এ অবস্থায় ভবন নির্মাণে জটিলতায় পড়েছে উপজেলা প্রকৌশল ও প্রাথমিক শিক্ষা বিভাগ। এ ব্যাপারে বিদ্যালয়ের সভাপতি ও ভূমির মালিক জিয়াউল হক জোসেফ জানান, বিদ্যালয় ভবন নির্মাণের জায়গা দেওয়ার ক্ষেত্রে পারিবারিকভাবে আলোচনা করে সিদ্ধান্ত নেবেন। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ফাইজউদ্দিন আকস্ম ও উপজেলা চেয়ারম্যান আবদুল ওয়াহাব আইন উদ্দিন বলেন, আমরা ভবন নির্মাণে ভূমির জন্য দাতাদের সঙ্গে আলোচনা চালিয়ে যাচ্ছি। আশা করি, আচিরেই এ সমস্যার সমাধান হবে।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)